উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫-৫৩৮ তারিখ: ২৩.০৮.২০২২ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৫ আগস্ট ২০২২ খ্রি: দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

স্বাক্ষরিত/-
(মাহমুদা বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ২৩.০৮.২০২২ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

**উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর আগস্ট ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভার তারিখ | ঃ ২৫ আগস্ট ২০২২ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

উপজেলা পরিষদ সভার সভাপতি চেয়ারম্যানবৃন্দ ও সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলীর পক্ষে (উপসহকারী প্রকৌশলী) সভায় বলেন যে, নিয়মিত কাযক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোন সমস্যা নেই বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইড) |
| ৩. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-১ মৌসুমে ৪০০ হেক্টর জমিতে আউশ ধান, ৫৫০ হেক্টর জমিতে পাট ও ৭৫০ হেক্টর জমিতে সবজি আবাদ হয়েছিল। কিন্তু অতি বৃষ্টি ও উজানের পাহাড়ী ঢলে ১০০ হেক্টর জমির ধান, ২০০ হেক্টর জমির সবজি ও ১৫ হেক্টর জমির পাট নিমজ্জিত হয়ে সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। ইতিমধ্যে আউশ ও পাট কর্তন সম্পন্ন হয়েছে। রোপা আমন ধানের আবাদ লক্ষ্যমাত্রা ২০৪০০ হেক্টর যার মধ্যে ১৮৪৫০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়েছে। বৃষ্টিহীনতার জন্যে কৃত্রিম সেচের মাধ্যমে বাকি জমি রোপনে উদ্বুদ্ধকরণ কার্যাক্রম চলমান। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটনিং কার্যাক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিফ-২ মৌসুমে ব্রিধান ৭১, ব্রিধান ৮০, ব্রিধান ৮৭, ব্রিধান ৭৫. বিনা ধান ১৭, হাইব্রিড সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার এবং প্রকল্পের সিআইজি সমিতি কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, কেন্দুয়া উপজেলার অন্তর্ভুক্ত কালিয়ান বিল এলাকার জলাশয়ে অবৈধভাবে মাছ ধরার প্রবণতা ইদানীং প্রচুর দেখা যাচ্ছে। এমতাবস্থায়, মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। মোবাইল কোর্ট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের প্রবেশ মুখের দুধের বাজার কোনো স্বাস্থ্যকর পরিবেশে স্থানান্তর। অফিসের ভিতরে নিচু জায়গায় মাটি ভরাটের জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদান। ঘাস চাষের প্রতি মানুষকে উৎসাহ প্রদান। পুরাতন জরাজীর্ণ ভবন ভাঙ্গনের জন্য বলেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৬. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার কার্যক্রম শেষ হয়েছে বর্তমানে যে সকল ইউনিয়নে মৃত ভাতাভোগী আছে যেগুলোর প্রতিস্থাপন কার্যাক্রম চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৩৪,০৪১ তার মধ্যে পুরুষ- ১,৭৩,৮০৯ এবং মহিলা- ১,৬৬,৬০২ জন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,৯৯৭। খাবার বড়ি গ্রহণকারী ২৭১৯২ হার ৪৫.৩২%। ইনজেকটেবলস গ্রহণকারী ৬১৯৬ হার ১০.৩২%। কনডম গ্রহণকারী ২০৪৬ হার ৩.৪১%। আই ইউ ডি গ্রহণকারী ১৫৩৬ হার ২.৫৬%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩,৫৫৩ হার ৫.৯২%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২,২২৬ জন হার ৩.৭১%। মহিলা ৪৩৬৭ জন হার ৭.২৭%। সর্বমোট গ্রহণকারী ৪৭,১১৭ জন হার ৭৮.৫৩%।<br>উপজেলা পরিবার পরিকল্পনা ভবনটি পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় ছাদ দিয়ে পানি পড়ে এবং যেকোন মুহূর্তে ধ্বসে পড়তে পারে, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। ভবনটি বসবাস মেরামত ও সংস্কারের অনুপযোগী। তাই উক্ত ভবনটি ভেঙ্গে নির্দিষ্ট জায়গাতেই নতুন করে ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদনের জন্য সভায় প্রস্তাব রাখেন। | | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা | একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, মাধ্যমিক বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের গভীর নলকূপের বরাদ্দ পূর্বক উপজেলা চেয়ারম্যান স্যারের কাছে পৌঁছানো হয়েছে। নতুন ইউএনও স্যার জয়েন করলে উপজেলা ওয়াটসন কমিটির মিটিং করে প্রতি ইউনিয়ন থেকে তালিকা সংগ্রহ করা হবে। বাকী কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া, ও চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় যুব কাউন্সিল২০২৩-২০২৪ গঠনের লক্ষ্যে ১৮ থেকে ৩৫ বছর বয়সী যুব সংগঠনের সদস্যদের কাছ থেকে আবেদন আহ্বান করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তির কপি সমন্বয় সভায় বিতরণ করা হয়। তাছাড়া ন্যাশনাল সার্ভিস (৮ম পর্ব) এর কার্যাক্রম সহ দপ্তরের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট/২০২২ খ্রি: মাসে ঋণ আদায় ৬.৫০ লক্ষ টাকা ও বিতরণ ১০.০০ লক্ষ টাকা। অত্র উপজেলায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য প্রকল্পের বিপুল অংকের ঋণ খেলাপি হয়ে মাঠে পড়ে রয়েছে। তাই ঋণগুলো আদায়ের জন্য প্রত্যেক ইউপি চেয়ারম্যানদের কাছে সহযোগিতা চান। তিনি আরও বলেন যে, বিআরডিবি সদর কার্যালয়ের ২৭/০৭/২০২২ ইং তারিখের ৬০৭৪ নং স্মারক মূলে ৩ এপ্রিল ২০২২ খ্রি: মূলে পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সিদ্ধান্ত ও স্থানীয় সরকার বিভাগের ১৭/০৮/২০২১ ইং তারিখের ৮৭৮ নং স্মারক মূলে বিআরডিবি'র জোড়াবাড়ীর শুরু হতে ভাড়া বিআরডিবি প্রাপ্য। কিন্তু উপজেলা পরিষদের নিকট বিআরডিবি বর্তমান পর্যন্ত ১৩.৫২ লক্ষ টাকা জোড়াবাড়ীর ভাড়া বাবদ পাওয়া রয়েছে। উক্ত টাকা শুরু থেকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাবে জমা হয়েছে। যা গত মাসের সমন্বয় সভার রেজুলেশন উত্থাপিত হয়েছে বিধায় বকেয়া ১৩.৫২ লক্ষ টাকা বিআরডিবি, কেন্দুয়া কে প্রদানের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে সচিবালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের যৌথ স্বাক্ষরে জোড়াবাড়ীর আলাদা ব্যাংক হিসাব খোলা হয়েছে। অফিসের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক | উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় বলেন যে, ডিজিটাল বাংলাদেশ দিবস পুরস্কার ২০২২ এর বিষয়ে আলোচনা হয়েছে। আইসিটি খাতে ব্যক্তিগত বা দলগত কোন অবদান থাকলে উক্ত পুরস্কারের জন্য আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল এ হালনাগাদ তথ্য নেই সে সকল দপ্তরকে দ্রুত তথ্য হালনাগাদের নির্দেশনা দেওয়া হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সহকারী প্রোগ্রামার, |
| ১৩. | চেয়ারম্যান বলাইশিমুল ইউপি | চেয়ারম্যান, বলাইশিমুল ইউপি সভায় বলেন যে, প্রতিটি ইউপিতে সার মনিটনিং কার্যক্রম শুরু করতে হবে। ইউপিতে কতজন সার ডিলার আছে তাদেরকে নজরদারিতে আনতে হবে। প্রতিটি ওয়ার্ডের ডিলারগণ মৌসুমের সময় শুধু মালামাল এনে বিক্রয় করে থাকে। কিন্তু তারা কে ডিলার, কে ডিলার নয় তাদের কে নজরদারিতে আনার প্রস্তাব রাখেন। তিনি আরও বলেন যে, গোপালপুর হতে উজিয়ালপুর রাস্তাটি মেরামত করা দরকার। রেন্টিতলা হতে কচন্দরা রাস্তাটি মেরামত করা জরুরী প্রয়োজন বলে জানান। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | চেয়ারম্যান গড়াডোবা ইউপি | চেয়ারম্যান গড়াডোবা ইউপি সভায় জানান যে, তার ইউপিতে কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | চেয়ারম্যান গড়াডোবা ইউপি |
| ১৫. | চেয়ারম্যান মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় জানান যে, মাসকা ইউনিয়নের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | চেয়ারম্যান মাসকা ইউপি |
| ১৬. | চেয়ারম্যান চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, মাদবের খাল খনন-কুরদিগা বিল হইতে গোপালাশ্রম ব্রিজ ভায়া কিসমত চিথোলিয়া ও চিরাং বাজার হয়ে সুতি নদী পর্যন্ত খাল খনন। ৬ কি.মি.।<br>পুলের ঘাট খাল (গরকালি খাল, কৈন্চাপুর খাল) দুল্লী আদমপুর রাস্তার ব্রিজ হইতে মরাবিল, তিগলাবিল কালিয়ান বিল ও শুলমারা বিল হয়ে সুতি নদী পর্যন্ত খাল খনন ৮ কি.মি.।<br>ফুলেশ্বরি খাল খনন-কুরদিগা বিলের দাইর হইতে সাগুলী কাশিপুর রাস্তার ব্রিজ ভায়া কাশিপুর মৌজা চিথোলিয়া, কিসমত চিথোলিয়া হয়ে মাদবেব খাল পর্যন্ত খাল খনন। ৭কি.মি.।<br>কাঠগরিয়া খাল খনন-দামেরা বিল হইতে বেতরাই বিল ভায়া বাগাটিয়া হয়ে সুতিনদী পর্যন্ত খনন ৪ কি.মি.। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়নক কর্মকর্তা |
| ১৭ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, হারুলিয়া হাট বাজারটি বর্ণিত এলাকার কৃষকদের উৎপাদিত কৃষি পণ্য ক্রয় বিক্রয়ের সুবিধার্থে সপ্তাহে দুই দিন সোমবার ও শুক্রবার বাজার বসবে এ মর্মে ভূমি মন্ত্রণালয়ের ০৬ জুন ২০২২ ইং তারিখের ৩১.০০.০০০০.০৫১.৩৮.০৩৭.১৯.১০৩ নং স্মারক মূলে অনুমোদিত হয়। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হারুলিয়া হাট বাজারটি ১ বৎসরের জন্য ইজারামূল্য নির্ধারণ করার জন্য সভায় আহ্বান জানান। | বিস্তারিত আলোচনার পর অনুমোদিত হারুলিয়া হাট বাজারটি বর্ণিত এলাকার কৃষকদের কৃষি পণ্য ক্রয় বিক্রয়ের সুবিধার্থে ১ বৎসরের জন্য ৬০,০০০/- টাকা ইজারা মূল্য সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়। অনুমোদিত হারুলিয়া হাট বাজারটি সপ্তাহে দুই দিন সোমবার ও শুক্রবার বসবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ-১ | বিবিধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের কম্পিউটার, প্রিন্টার, কীবোড ইত্যাদি ক্রয় বাবদ ২১,৯৭২/- টাকা চেক নং-৪২২৭২৮৩ মূলে জনাব রুঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান।<br>খ) উপজেলা পরিষদের কম্পিউটার স্ক্যানার, পাওয়ার সাপ্লাই ইত্যাদি ক্রয় বাবদ চেক নং-৪২২৭২৮৬ মূলে জনাব আমানউল্লাহ, স্টেনোটাইপিষ্ট, উপজেলা পরিষদকে প্রদান।<br>গ) উপজেলা পরিষদের কম্পিউটারের মনিটর, টুনার, ইত্যাদি ক্রয় বাবদ চেক নং-৪২২৭২৮৯ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৮/২২

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২-৭৩০.

তারিখঃ ২৫ আগস্ট ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

২৫/০৮/২২

(মাহমুদা বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২-৭৩০

তারিখঃ ২৫ আগস্ট ২০২২ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।

৩। উপজেলা ............................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।

৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।

৫। অফিস কপি।

25/08/22

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা